

খাঁদু-দাদু

কাজী নজরুল ইমদাম

অ মা! তোমার বাবার নাকে কে মেরেছে ল্যাং?
খাঁদা নাকে নাচ্ছে ন্যাদা - নাক্ ডেঙাডেঙ ড্যাং!

ওঁর নাকটাকে কে করল খাঁদা র্যাঁদা বুলিয়ে?
চামটিকে-ছা ব'সে যেন ন্যাজুড় বুলিয়ে।
বুড়ো গরুর টিকে যেন শুয়ে কোলা ব্যাং।
অ মা! আমি হেসে মরি, ন্যাক ডেঙাডেঙ ড্যাং।

ওঁর খাঁদা নাকের ছেঁদা দিয়ে টুকি কে দেয় 'টু'!
ছোড়দি বলে সর্দি ওটা, এ রাম! ওয়াক! থুঃ!
কাছিম যেন উপুড় হয়ে ছড়িয়ে আছেন ঠ্যাং!
অ মা! আমি হেসে মরি, নাক ডেঙাডেঙ ড্যাং!

দাদু বুঝি চীনাম্যান্ মা, নাম বুঝি চাং চু,
তাই বুঝি ওঁর মুখটা অমন চ্যাপটা সুধাংশু।
জাপান দেশের নোটিশ উনি নাকে ঐটেছেন!
অ মা! আমি হেসে মরি, ন্যাক ডেঙাডেঙ ড্যাং।

দাদুর নাকি ছিল না মা অমন বাদুড়-নাক্
ঘুম দিলে ঐ চ্যাপটা নাকেই বাজতো সাতটা শাঁখ।
দিদিমা তাই থ্যাবড়া মেরে ধ্যাবড়া করেছেন!
অ মা! আমি হেসে মরি, ন্যাক ডেঙাডেঙ ড্যাং।

লক্ষানন্দে লাফ দিয়ে মা চলতে বেঁজির ছা
দাড়ির জালে প'ড়ে দাদুর আটকে গেছে গা,
বিপ্লি-বাচ্চা দিল্লি যেতে নাসিক এসেছেন!
অ মা! আমি হেসে মরি, ন্যাক ডেঙাডেঙ ড্যাং।

দিদিমা কি দাদুর নাকে টাঙতে 'আলমানাক্'
গজাল ঠুঁকে দেছেন ভেঙে বাঁকা নাকের কাঁখ?
মুচি এসে দাদুর আমার নাক করেছে 'ট্যান'!
অ মা! আমি হেসে মরি, ন্যাক ডেঙাডেঙ ড্যাং।

বাঁশির মতন নাসিকা মা মেলে নাসিকে,
সেথায় নিয়ে চল দাদু দেখন-হাসিকে!
সেথায় গিয়ে করুন দাদু গরুড় দেবের ধ্যান,
খাঁদু দাদু নাকু হবেন, নাক ডেঙাডেঙ ড্যাং।

সৌজন্যেঃ নজরুল রচনাবলী, ১ম খন্ড, বাংলা একাডেমী, ১৯৯৬; পৃঃ ২৫৫-২৫৬

Kazi Nazrul Islam Page: <http://www.nazrul.org>